স্নাতক পরীক্ষা ২০২৫

সাম্মানিক বাংলা

সেমেস্টার : ৬ কোর্স : CC-13

(নির্বাচিত বাংলা প্রবন্ধ)

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ৬০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তরদান আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দিতে হবে

**একক – ১**

১। 'বাজে কথা' প্রবন্ধে রবীন্দ্রনাথ 'বাজে কথা' বলতে কী বুঝিয়েছেন? শিল্প-সাহিত্যের আলোচনায় 'বাজে কথা' কেন প্রাসঙ্গিক তা পাঠ্য প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো। ১৫

২। 'কাব্যের উপেক্ষিতা' প্রবন্ধে রবীন্দ্রনাথ চারজন উপেক্ষিতা নারীর কথা বলেছেন। প্রাবন্ধিকের এই অভিমতের সঙ্গে তুমি কতখানি সহমত পোষণ কর তা যুক্তিসহ আলোচনা করো। ১৫

৩। 'পঞ্চভূত' প্রবন্ধ-গ্রন্থের 'পরিচয়' প্রবন্ধে পঞ্চভূতের স্বরূপ নিহিত আছে। আলোচনা করো। ১৫

**একক – ২**

৪। রসতত্ত্বের আলোচনায় ধ্বনির প্রসঙ্গ কেন গুরুত্বপূর্ণ আনন্দবর্ধন ও অভিনবগুপ্তের সূত্রে তা বুঝিয়ে দাও। ১৫

৫। অতুল গুপ্তের 'কাব্যজিজ্ঞাসা' বইটির গুরুত্ব ও সীমাবদ্ধতা পাঠ্যাংশের সূত্রে বিচার করো। ১৫

৬। বীররসের কাব্য বলতে সচরাচর যেগুলিকে নির্দেশ করা হয় অনেক সময় তা ক্রোধ ভাবের উদ্দীপক মাত্র। একথা মনে রেখে রবীন্দ্রনাথের বীর রসাত্মক কাব্য-পঙ্ক্তি উদ্ধৃত করে বুঝিয়ে দাও সেটি কীভাবে কী অর্থে বীররসের সঞ্চার সামর্থ্যের অধিকারী। ১৫

**একক – ৩**

৭। বঙ্কিমচন্দ্রের সাম্যবাদী দৃষ্টিভঙ্গি কীভাবে 'বিড়াল' প্রবন্ধে ফুটে উঠেছে তা আলোচনা করো। ১৫

৮। 'আমার দুর্গোৎসব' প্রবন্ধে বঙ্কিমচন্দ্র সার্থকভাবে স্বদেশপ্রেমের চিন্তন তুলে ধরেছেন। মন্তব্যটির যৌক্তিকতা বিচার করো। ১৫

৯। 'মাইকেল' প্রবন্ধ অবলম্বনে মধুসূদন দত্তের ভাষাপ্রয়োগ ও অমিত্রাক্ষর ছন্দের উদ্ভাবন নিয়ে বুদ্ধদেব বসুর পর্যবেক্ষণের পরিচয় দাও। এই পর্যবেক্ষণ কতখানি সমর্থনযোগ্য বলে তুমি মনে কর। ১৫

১০। টীকা লেখো (যে-কোনো তিনটি) ৩x৫= ১৫

(ক) 'কিন্তু লোকসাহিত্যের কি হইবে। সে কথার জবাবদিহি সাহিত্যের নহে।'

(খ) 'মানুষের প্রতি বিশ্বাস হারানো পাপ,'

(গ) বিভাব

(ঘ) সঞ্চারী

(ঙ)'প্রীতি সংসারে সর্ব্বব্যাপিনী – ঈশ্বরই প্রীতি'

(চ) 'মিছিলের কাব্যমুক্তি'

-----------

স্নাতক (সাম্মানিক) পরীক্ষা ২০২৫

সাম্মানিক বাংলা

সেমেস্টার : ৬ কোর্স : CC-14

(রবীন্দ্রসাহিত্য)

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ৬০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর দেওয়া আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

একক- ১

১। 'নিন্দুকের প্রতি নিবেদন' কবিতায় নিন্দার জবাবে নিন্দুকের উদ্দেশে কবি যে-মনোভাব ব্যক্ত করেছেন তার পরিচয় দাও। ১৫

২। 'দেশকালের পরিবর্তন হয় কিন্তু নরনারীর অন্তরতম প্রেমময় সত্তা অপরিবর্তিত থাকে।' — এই মন্তব্যের পরিপ্রেক্ষিতে 'একাল ও সেকাল' কবিতাটি আলোচনা করো। ১৫

৩। 'নিষ্ফল কামনা' কবিতাটিতে কোন্ কামনার নিষ্ফলতা কীভাবে প্রকাশিত হয়েছে দেখাও। ১৫

একক- ২

৪। 'তোমারে যে ছেড়ে যাই সে তোমারই প্রেমে'। — নাটকের কোন অঙ্কের কোন দৃশ্যে কে কার প্রতি এই উক্তি করেছে ? এই উক্তির সাপেক্ষে বক্তার চরিত্রটি বিশ্লেষণ করো। ১+১+১+১+১১ = ১৫

৫। '... ঐ লিরিকের টানে এর মধ্যে প্রবেশ করেছে ইলা এবং কুমারের উপসর্গ। সেটা অত্যন্ত শোচনীয়রূপে অসংগত।' — 'রাজা ও রানী' নাটক সম্পর্কে নাটককারের এই উক্তির পরিপ্রেক্ষিতে তোমার বক্তব্য যুক্তিসহ আলোচনা করো।

৬। নাটকে গানের গুরুত্বের প্রসঙ্গ উল্লেখ করে 'রাজা ও রানী' নাটকে ব্যবহৃত গানগুলি কতটা প্রাসঙ্গিক তা বিশ্লেষণ করো। ৫+১০ = ১৫

একক- ৩

৭। 'চোখের বালি' উপন্যাসের নামকরণ সম্পর্কে আলোচনা করো। ১৫

৮। "চোখের বালির গল্পটাকে ভিতর থেকে ধাক্কা দিয়ে তুলেছে মায়ের ঈর্ষা।" — আলোচনা করো। ১৫

৯। " 'চোখের বালি' উপন্যাসটা আকস্মিক, কেবল আমার মধ্যে নয়, সেদিনকার বাংলা সাহিত্য ক্ষেত্রে।" — রবীন্দ্রনাথের এই অভিমতের সারবত্তা বিচার করো। ১৫

১০। টীকা লেখো (যে-কোনো তিনটি) : ৩×৫ =১৫

ক| "গুরু কহিলেন, 'আছে ওই নদীতলে।' "

খ| 'কোথা এ ছায়া সখী, কোথা সে জল!'

গ| শঙ্কর

ঘ| জালন্ধরের সাধারণ মানুষ

ঙ| 'চোখের বালি' উপন্যাসে 'বিষবৃক্ষ' উপন্যাসের allusion

চ| বিহারী

স্নাতক (সাম্মানিক) পরীক্ষা ২০২৫

সাম্মানিক বাংলা

সেমেস্টার : ৬ (CBCS) কোর্স : DSE 3

(বিশ্বায়ন ও বাংলা সাহিত্য)

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ৬০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

একক - ১

১। বিশ্বায়ন কোনো নতুন বিষয় নয়, নিরন্তর একটি প্রক্রিয়া—মন্তব্যের যৌক্তিকতা বিচার করো। ১৫

২। ভারতের মতো তৃতীয় বিশ্বের দেশে বিশ্বায়ন শুধু আশীর্বাদ হয়েই আসেনি—এই মন্তব্যের প্রাসঙ্গিকতা আলোচনা করো। ১৫

৩। বিশ্বায়ন পরবর্তী আর্থিক ও সাংস্কৃতিক রূপান্তর বাংলা থিয়েটারকে কীভাবে প্রভাবিত করেছে, আলোচনা করো। ১৫

একক - ২

৪। 'এই দেশের উত্তরে ছিল পর্বতমালা। ছিল কেন? এখনও তো আছে। আজ আছে কাল থাকবে না'— 'নুড়ি বাঁদর' উপন্যাস অবলম্বনে বিষয়টি স্পষ্ট করো। ১৫

৫। 'নুড়ি বাঁদর' উপন্যাসে সময় ব্যবহারের তাৎপর্য ব্যাখ্যা করো। ১৫

৬। 'নুড়ি বাঁদর' উপন্যাসে উপন্যাসের সর্বাংশে বাঁদরের কথার আবরণে মানুষের গল্পই উচ্চারিত হয়েছে— আলোচনা করো। ১৫

একক - ৩

৭। 'পেপসি আনে গাঁয়ের আলো'—এই স্লোগানের জন্ম কীভাবে হয়েছিল? স্লোগানটি কীভাবে একটি গ্রাম ও তার পরিবর্তমান আর্থ-সামাজিক অবস্থার সামগ্রিক পরিচায়ক হয়ে ওঠে—আলোচনা করো। ১৫

৮। "মাংসখেকো ঘোড়া" গল্পের বিষয়বস্তু উল্লেখ করে শ্রমিকের জীবনে মুক্ত অর্থনৈতিক ব্যবস্থার প্রভাব সম্পর্কে আলোচনা করো। ১৫

৯। মন্দাক্রান্তা সেন ও যশোধরা রায়চৌধুরী দুজনের পাঠ্যকবিতা অবলম্বনে বিশ্বায়িত বঙ্গদেশে মধ্যবিত্ত ক্রেতা-সাধারণের মনে 'পণ্যরতি' কীভাবে অনিবার্য হয়ে উঠেছে আলোচনা করো। ১৫

১০। টীকা লেখো (যে-কোনো তিনটি) ৩X৫=১৫

ক) বিশ্বায়ন ও শ্রমের অবাধ চলাচল

খ) আন্তর্জাতিকতাবাদ ও বিশ্বায়ন

গ) গোল টেবিল বৈঠক

ঘ) ডুডেকাহেড্রন

ঙ) 'নীল ব্যাকরণের পাতায়'

চ) শ্রীজাতর কবিতায় বারোমাস্যা

স্নাতক সাম্মানিক পরীক্ষা ২০২৫

সাম্মানিক বাংলা

সেমেস্টার :৬ CBCS কোর্স DSE 4

মানবীবিদ্যা

পূর্ণমান : ৬০

সময়: ৩ ঘন্টা

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক। প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও।

একক ১

১)'সেক্স','জেন্ডার', 'নারীবাদ', 'পিতৃতন্ত্র' ও 'মাতৃকৌলিকতা' -এই বিষয়গুলি সম্পর্কে তোমার ধারণা স্পষ্ট করে লেখো। ১৫

২)'বিবাহের সঙ্গে পণ ছাড়াও নানা রকমভাবে অর্থ ও ধনরত্ন জড়িত ছিল।' সুকুমারী ভট্টাচার্যর প্রবন্ধ অনুসরণে বিষয়টি আলোচনা করো। ১৫

৩) উনিশ শতকের বাঙালি নারীর অন্দরমহলের স্বরূপ বুঝতে গেলে রাসসুন্দরী দাসীর *আমার জীবন* পড়া জরুরি। এই মন্তব্যটি সম্পর্কে তোমার মতামত বুঝিয়ে লেখো। ১৫

একক ২

৪) *চন্দ্রাবতীর রামায়ণ*-এ সীতার বারমাসী অংশটি এই গ্রন্থের মধ্যে কতোটা গুরুত্বপূর্ণ বলে তুমি মনে করো। আলোচনা করো। ১৫

৫) উনবিংশ শতাব্দীতে মেয়েদের সামাজিক অবস্থা কেমন ছিল পাঠ্য প্রবন্ধগুলি অবলম্বনে তা বুঝিয়ে লেখো। ১৫

৬) বেগম রোকেয়া 'সুলতানার স্বপ্ন' রচনাটিতে কল্পবিজ্ঞানের কৌশল ব্যবহার করলেও তা কীভাবে মেয়েদের রাষ্ট্রিক অধিকার লাভের লড়াইয়ের কথা হয় উঠেছে আলোচনা করো। ১৫

একক ৩

৭) কবিতা সিংহ ও তসলিমা নাসরিন দুজনের লেখার মধ্যেই ভার্জিনিয়া উলফের একটি প্রবন্ধের অনুষঙ্গ কীভাবে কাজ করেছে ব্যাখ্যা করো। ১৫

৮) মেয়েদের রচিত বিভিন্ন ভাষার গানে সীতার বনবাসের বেদনার কথা লিখেছেন নবনীতা দেবসেন। বিশ্লেষণ করো। ১৫

৯) পুরুষ বিষয়ে নয় পুরুষতন্ত্র বিষয়ে মল্লিকা সেনগুপ্ত অভিযোগ করেছেন। পাঠ্য লেখাটির সাহায্যে বিষয়টি আলোচনা করো। ১৫

১০) টীকা লেখো : ( যে- কোনো তিনটি) ৩ × ৫= ১৫

ক) রমাবাইয়ের একটি বক্তৃতা নিয়ে বাংলায় বিতর্ক

খ) 'প্রজনার্থা'

গ) চন্দ্রাবতীর কাব্যে সীতার জন্মবৃত্তান্ত

ঘ) কৃষ্ণভাবিনী দাসী

ঙ) নবনীতা দেবসেনের লেখায় মহাকাব্য ও নারী

চ) তসলিমা নাসরিনের লেখায় বাংলার ব্রত প্রসঙ্গ